SME NEWS
# এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার

এসএমই ফাউন্ডেশন

মুজিব শতবর্ষ MUJIB 100

বর্ষ ১০ । সংখ্যা ৩১ | জুলাই-সেপ্টেম্বর ২০২০

## এসএমই খাতে কোভিড-১৯ এর ক্ষতি উত্তরণে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান সংস্থা এফইএস বাংলাদেশ-এর যৌথ আয়োজনে আন্তর্জাতিক ওয়েবিনার অনুষ্ঠিত




অনলাইন প্ল্যাটফর্ম 'জুম' এ অনুষ্ঠিত ওয়েবিনারে প্রধান অতিথি শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং অংশগ্রহণকারীদের একাংশ

বাংলাদেশের এসএমই খাতে কোভিড-১৯ এর ক্ষতি কাটিয়ে উঠতে ২৪ সেপ্টেম্বর ২০২০, বৃহস্পতিবার, বিকাল ৩টায় এসএমই ফাউন্ডেশন এবং জার্মান সংস্থা এফইএস বাংলাদেশ (Friedrich-Ebert-Stiftung Bangladesh) -এর যৌথ আয়োজনে অনুষ্ঠিত হয় আন্তর্জাতিক ওয়েবিনার। অনলাইন প্ল্যাটফর্ম 'জুম' এ অনুষ্ঠিত ওয়েবিনারে আলোচ্য বিষয় ছিল 'The Pendamic and SMEs: Shock-absorbing policy measure and future debates impacts in Bangladesh and Lessons from responses around the World'.

(অবশিষ্ট পরের পৃষ্ঠায়)

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়েছেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়েছেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান। ৯ সেপ্টেম্বর ২০২০ ফাউন্ডেশনের চেয়ারপার্সন হিসেবে দায়িত্ব গ্রহণের পর ১০ সেপ্টেম্বর ২০২০, বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন তিনি। এ সময় তাঁর সাথে ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম, মহাব্যবস্থাপক মোঃ নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক ফারজানা খান, মহাব্যবস্থাপক মোঃ সিরাজুল হায়দার এনডিসি এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ। এরপর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে দর্শনার্থী বইয়ে বঙ্গবন্ধুকে নিয়ে তাঁর অনুভূতি তুলে ধরেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়েছেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন

# এসএমই খাতে কোভিড-১৯ এর ক্ষতি উত্তরণে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা এফইএস বাংলাদেশ-এর যৌথ আয়োজনে আন্তর্জাতিক ওয়েবিনার অনুষ্ঠিত

**(প্রথম পৃষ্ঠার পর)**

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমানের সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি। শিল্পমন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, কোভিড-১৯ এর কারণে এসএমই খাতের ক্ষতি পুষিয়ে নিতে নীতি সহায়তার পাশাপাশি ২০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আরো বলেন, কোভিড-১৯ এর কারণে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে দেশের এসএমই খাত, বিশেষ করে পণ্য সরবরাহ বাধাগ্রস্ত হওয়ায় সংকটে পড়েছেন গ্রামীণ উদ্যোক্তারা। ২০১৯ সালের তুলনায় ২০২০ সালে এসএমই খাতের রাজস্ব ৬৬% ভাগ কমে গেছে-গণমাধ্যমের প্রকাশিত প্রতিবেদনের এ তথ্য তুলে শিল্পমন্ত্রী আরো বলেন, এসব সমস্যা সমাধানের জন্য এসএমই খাতকে সহায়তার উদ্যোগ নিয়েছে সরকার। তিনি এসএমই খাতকে এগিয়ে নিতে সবাইকে একসাথে কাজ করার আহবান জানান।

ওয়েবিনারের সভাপতি এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান বলেন, কোভিড-১৯ এর কারণে বছরে ব্যবসার সবচেয়ে বড় দুই মৌসুম বাংলা নববর্ষ এবং ঈদুল ফিতরে ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ এবং পণ্য সরবরাহ বাধাগ্রস্ত হওয়ায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন দেশের এসএমই উদ্যোক্তারা। ফলে তাদের অনেক অবিক্রিত পণ্য মজুদ হয়ে আছে। তিনি আরো বলেন, এসব পণ্য সহজে ক্রেতাদের কাছে পৌঁছে দিতে উদ্যোক্তাদের ই-কমার্স বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে এসএমই ফাউন্ডেশন। কোভিড-১৯ প্রেক্ষাপটে ইতোমধ্যে পাঁচশ'রও বেশি উদ্যোক্তাকে ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া এসএমই উদ্যোক্তাদের ওপর কোভিড-১৯-এর প্রভাব খতিয়ে দেখতে এসএমই ফাউন্ডেশন একটি গবেষণা পরিচালনা করবে বলেও জানান তিনি।

ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম। এফইএস বাংলাদেশ-এর আবাসিক প্রতিনিধি মিস টিনা ব্লুম তার বক্তব্যে কোভিড-১৯ প্রেক্ষাপটে এসএমই খাতের ওপর সম্ভাব্য প্রভাব এবং সম্ভাবনার কথা তুলে ধরে ওয়েবিনারে বিশেষজ্ঞদের নিকট এ বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ পাওয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। আন্তর্জাতিক এই ওয়েবিনারের প্রথম অধিবেশনের প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক' ড. আতিউর রহমান এবং দ্বিতীয় অধিবেশনের প্রধান আলোচক ছিলেন জার্মানির ক্র্যাফট ইন্ডাস্ট্রি ইন্টারন্যাশনাল এর ভাইস চেয়ার মাইকেল রজলার। বক্তব্য রাখেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব অরিজিৎ চৌধুরী, এসএমই ফাউন্ডেশনের পরিচালক রাশেদুল করীম মুন্না, অর্গানাইজেশন স্ট্রাটেজি অ্যান্ড লিডারশীপ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শরীয়ত উল্লাহ, বার্লিন স্কুল অব ইকোনমিক্স অ্যান্ড ল'র এমিরেটাস অধ্যাপক ড. হ্যান্সজর্গ হার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মমতাজ উদ্দিন আহমেদ, উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক ড. এম আবু ইউসুফ, ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিকুল ইসলাম, এবং এসএমই ফাউন্ডেশনের পরিচালক ও চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্টাস্ট্রির সভাপতি মিসেস মনোয়ারা হাকিম আলী। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারপার্সন অধ্যাপক শিবলী রুবাইয়াত উল ইসলাম অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

প্রথম অধিবেশনের প্রধান আলোচক বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক' ড. আতিউর রহমান এসএমই খাতের জন্য সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের প্রশংসা করেন। তবে তিনি প্রণোদনার পরিমাণ আরো বাড়ানোর পরামর্শ দেন। তিনি বলেন, বাংলাদেশে মোট প্রণোদনার শতকরা ২২ ভাগ এসএমই খাতের জন্য বরাদ্দ রাখা হয়েছে। মালয়েশিয়ায় এই হার শতকরা ২৪ ভাগ, থাইল্যান্ডে ৩৩ ভাগ এবং ভারতে মোট প্রণোদনার শতকরা ৩৮ ভাগই এসএমই খাতের জন্য বরাদ্দ করা হয়েছে।

তিনি কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে এসএমই খাতের জন্য নিম্নোক্ত পাঁচটি সুপারিশ তুলে ধরেন:

- এসএমই নীতিমালা ২০১৯ বাস্তবায়ন;
- এসএমই উদ্যোক্তাদের সেবা দেয়ার ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে বিশেষ নজর দেয়া;
- ডিজিটাল আর্থিক সেবা শক্তিশালীকরণ;
- ডিজিটাল ড্যাশবোর্ড তৈরি করে সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য ঋণ বিতরণ নজরদারি করা; এবং
- এসএমই উদ্যোক্তাদের পণ্য রপ্তানিতে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি করা।

দ্বিতীয় অধিবেশনের প্রধান আলোচক জার্মানির ক্র্যাফট ইন্ডাস্ট্রি ইন্টারন্যাশনাল এর ভাইস চেয়ার মাইকেল রজলার এসএমই খাতে কোভিড-১৯ এর প্রভাব মোকাবেলায় জার্মান সরকারের নেয়া পদক্ষেপসমূহ তুলে ধরে বলেন, বাংলাদেশও এই পদক্ষেপ অনুসরণ করতে পারে। পদক্ষেপসমূহের মধ্যে রয়েছে:

- সরকারের পক্ষ থেকে কর্মীদের বেতন পরিশোধে সহায়তা;
- এসএমই খাতকে টিকিয়ে রাখতে স্বল্প ও দীর্ঘমেয়াদী অর্থ ও কারিগরি সহায়তা; এবং
- এসএমই খাতের জন্য প্রয়োজনীয় নীতি ও কাঠামোগত সহায়তা।

ওয়েবিনারে আলোচকগণ করোনায় এসএমই খাতের বর্তমান ও ভবিষ্যত করণীয়-এই দুই বিষয়ে আলোচনা করেন। যেমনঃ

১. এসএমই খাতকে টিকিয়ে রাখতে এবং তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড অব্যাহত রাখতে কী ধরনের নীতি সহায়তা সবচেয়ে বেশি কার্যকর এবং তা কীভাবে বাস্তবায়ন করা যায়?

২. তথ্য প্রযুক্তিভিত্তিক উদ্ভাবন কী বাংলাদেশের এসএমই খাতের ভবিষ্যতকে টেকসই করতে পারে? এক্ষেত্রে নীতি সহায়তা কী হতে পারে ও দেশভিত্তিক সীমানার বাইরে গিয়ে বিশ্ব বাজারের ভ্যালু চেইনের সাথে এসএমই খাত কীভাবে যুক্ত হতে পারে?

বাংলাদেশ, জার্মানি, মালয়েশিয়া এবং তুরস্কের বিশেষজ্ঞগণ ওয়েবিনারে দু'টি অধিবেশনে আলোচনা করেন:

১. প্রথম অধিবেশনে আলোচকগণ করোনা মহামারীতে বাংলাদেশের এসএমই খাতের অবস্থা, এসএমই খাতকে সরকারের নীতি সহায়তা, প্রযুক্তি ও নীতির মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে সরকার ও অংশীজনের পক্ষ থেকে এসএমই খাতকে সহায়তার নজির বিষয়ে আলোচনা করেন।

২. দ্বিতীয় অধিবেশনে আলোচকগণ করোনা মহামারী পরবর্তী চ্যালেঞ্জ, সম্ভাবনা, নীতি সহায়তা, তথ্য প্রযুক্তিভিত্তিক উদ্ভাবন এবং এসএমই খাতকে বিশ্ব বাজারের সাথে সংযুক্ত করার উপায় নিয়ে আলোচনা করেন।

ওয়েবিনারে জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞ, উদ্যোক্তা, গবেষক, নীতি নির্ধারক, ব্যবসায়ী নেতৃবৃন্দ বর্তমান পরিস্থিতিতে নীতিগত সহায়তার ধরন এবং উত্তরণের উপায় নিয়ে আলোচনা করেন। ওয়েবিনারে দেশ-বিদেশের গবেষক, পেশাজীবী, এসএমই উদ্যোক্তা এবং গণমাধ্যমকর্মী অংশগ্রহণ করেন। ওয়েবিনার থেকে প্রাপ্ত সুপারিশসমূহ প্রতিবেদন আকারে প্রকাশ করবে এসএমই ফাউন্ডেশন।

# এসএমই ফাউন্ডেশনের নতুন চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান

০৯ সেপ্টেম্বর ২০২০, বুধবার, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন হিসেবে আনুষ্ঠানিকভাবে যোগদান করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন হিসেবে তাঁকে নিয়োগ দিয়ে ০৭ সেপ্টেম্বর ২০২০ প্রজ্ঞাপন জারি করে শিল্প মন্ত্রণালয়।

অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ থেকে স্নাতক এবং ১৯৮৯ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর ১৯৯৬ সালে যুক্তরাজ্যের সালফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স এবং ২০১০ সালে যুক্তরাজ্যের ওয়েলস ইন্সটিটিউট বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি ২০১৭ সাল থেকে ঢাকা স্টক এক্সচেঞ্জের স্বতন্ত্র পরিচালক হিসেবেও দায়িত্ব পালন করছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স কমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন। তিনি দেশী ও বিদেশী উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান ও বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহে পরামর্শক হিসেবে কাজ করেছেন।

এসএমই ফাউন্ডেশন কার্যালয়ে তাঁকে স্বাগত জানান ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম। এ সময় তাঁর সাথে ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক এসএম শাহীন আনোয়ার, মহাব্যবস্থাপক মোঃ নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক ফারজানা খান এবং মহাব্যবস্থাপক মোঃ সিরাজুল হায়দার এনডিসি। এরপর ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। এ সময় তিনি বলেন, এসএমই ফাউন্ডেশন ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের মধ্যে দ্বিতীয় হয়েছে, যা ফাউন্ডেশনের সক্ষমতার প্রমাণ। তিনি এ ধারা অব্যাহত রাখতে ফাউন্ডেশনের কর্মকর্তাদের প্রতি আহবান জানান।



এসএমই ফাউন্ডেশনের নতুন চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান

# ‘China International Fair for Trade in Service (CIFTIS)’ এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ

০৫-০৯ সেপ্টেম্বর ২০২০ চীনের বেইজিং এ অনুষ্ঠিত হয় ‘China International Fair for Trade in Service (CIFTIS)’ ভার্চুয়াল মেলা। রপ্তানি উন্নয়ন ব্যুরো-ইপিবি'র মাধ্যমে এবং এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় প্রথমবারের মতো আয়োজিত এই ভার্চুয়াল মেলায় অংশগ্রহণ করেন বাংলাদেশের চারজন নারী-উদ্যোক্তা । Ministry of Commerce of China এবং The Government of Beijing Municipality এই মেলার আয়োজন করে। নিম্নবর্ণিত চারজন নারী-উদ্যোক্তা প্রথমবারের মতো আন্তর্জাতিক ভার্চুয়াল মেলায় অংশগ্রহণের অভিজ্ঞতা অর্জন করেন:

**স্মার্ট লেদার প্রোডাক্টস**
স্বত্ত্বাধিকারী: মাসুদা ইয়াসমিন উর্মি
চামড়াজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান,

**ক্লে-ইমেজ**
স্বত্ত্বাধিকারী: রেহানা আক্তার,
হ্যান্ডমেইড সিরামিক উৎপাদনকারী প্রতিষ্ঠান

**নতুনত্ব বুটিকস**
স্বত্ত্বাধিকারী: হাসিনা মুক্তা
হ্যান্ডিক্রাফটস এর প্রতিষ্ঠান

এবং
**তুলিকা**
স্বত্ত্বাধিকারী ইশরাত জাহান
পাটজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান

চীনের আন্তর্জাতিক এই ভার্চুয়াল প্ল্যাটফর্মে অংশগ্রহণ করে উদ্যোক্তারা তাঁদের পণ্যের ছবি আপলোড করে প্রদর্শনসহ ক্রেতাদের কাছে তথ্যচিত্র তুলে ধরতে সক্ষম হন। এছাড়া এসএমই ফাউন্ডেশনের জন্য বরাদ্দকৃত ভার্চুয়াল এক্সিবিটর বুথে এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের তথ্যচিত্র উপস্থাপনা করা হয়।




‘China International Fair for Trade in Service (CIFTIS)’ এর ওয়েব পোর্টাল

# শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং শিল্পসচিব কে এম আলী আজমের সাথে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সনের সৌজন্য সাক্ষাত

০৯ সেপ্টেম্বর ২০২০ শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি'র সাথে সৌজন্য সাক্ষাত করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান। শিল্পমন্ত্রীর বাসভবনে সৌজন্য সাক্ষাতে দেশের এসএমই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম অব্যাহত রাখতে শিল্পমন্ত্রী মহোদয়ের সহায়তা কামনা করেছেন তিনি।

১০ সেপ্টেম্বর ২০২০ শিল্পসচিব কে এম আলী আজমের সাথে সৌজন্য সাক্ষাত করেছেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান। শিল্প মন্ত্রণালয়ে সৌজন্য সাক্ষাতে দেশের এসএমই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম অব্যাহত রাখতে শিল্প মন্ত্রণালয়ের সহায়তা কামনা করেন তিনি। শিল্পমন্ত্রী এবং শিল্পসচিব মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাতের সময় তাঁর সাথে ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম।



শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এর সাথে ফাউন্ডেশনের চেয়ারপার্সন এবং ব্যবস্থাপনা পরিচালক

# জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন

জাতীয় শোক দিবস উপলক্ষে ২০ আগস্ট ২০২০, বৃহস্পতিবার আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশনের সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের নানা দিক তুলে ধরে আলোচনা করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান। আলোচনা সভায় এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম বলেন, আজীবন কৃষক-মজুরদের মুক্তির জন্য সংগ্রাম করেছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি আরো বলেন, ১৯৭৫ এর ১৫ আগস্ট ঘাতকেরা তাঁকে সপরিবারে হত্যা করলেও বাঙ্গালী জাতির জন্য তাঁর সংগ্রাম তাঁকে একাধারে মৃত্যুঞ্জয়ী, কালজয়ী এবং বিশ্বনেতা করে তুলেছে। জাতির পিতা বঙ্গবন্ধুর লেখা তিনটি গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামচা' এবং 'আমার দেখা নয়া চীন'-এ তাঁর অসাধারণ সাহিত্যবোধ এবং বাঙ্গালী জাতির প্রতি




ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল

মমত্ববোধের পরিচয় পাওয়া যায় বলেও উল্লেখ করেন তিনি। আলোচনা সভা শেষে ১৯৭৫ এর ১৫ আগস্ট নিহতদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। আলোচনা সভা ও দোয়া মাহফিলে এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

# কোভিড-১৯ প্রেক্ষাপটে প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন বিষয়ে অনলাইনে বিভিন্ন চেম্বার, ট্রেডবডিজ এবং অ্যাসোসিয়েশন প্রতিনিধিদের সাথে মতবিনিময়

এসএমই ফাউন্ডেশন বিভিন্ন ট্রেডবডিজ এবং অ্যাসোসিয়েশনসমূহের উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন করে থাকে। এসব প্রশিক্ষণে আর্থিক সহায়তা প্রদান করে এসএমই ফাউন্ডেশন। ১৩ সেপ্টেম্বর ২০২০ কোভিড-১৯ প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন বিষয়ে বিভিন্ন চেম্বার, ট্রেডবডিজ এবং অ্যাসোসিয়েশন প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভার আয়োজন করে ফাউন্ডেশনের মানবসম্পদ উন্নয়ন উইং। এতে ২০২০-২১ অর্থবছরের ফাউন্ডেশনের প্রশিক্ষণসমূহ বাস্তবায়নের উপায় নিয়ে আলোচনা করা হয়। মতবিনিময় সভায় উদ্যোক্তা সংগঠনসমূহের প্রতিনিধিগণ ছাড়াও উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান।



অনলাইনে বিভিন্ন চেম্বার, ট্রেডবডিজ এবং অ্যাসোসিয়েশন প্রতিনিধিদের সাথে মতবিনিময়

# জুলাই-সেপ্টেম্বর ২০২০ এ ক্লাস্টার উন্নয়ন শাখা'র ৫টি প্রশিক্ষণ আয়োজন

দেশব্যাপী চিহ্নিত ১৭৭টি এসএমই ক্লাস্টারে উন্নয়ন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাস্টারসমূহে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় জুলাই-সেপ্টেম্বর ২০২০ স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব নিশ্চিত করে ৫টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণসমূহে কোভিড-১৯ প্রতিরোধে এবং অগ্নি নিরাপত্তা নিশ্চিতে উদ্যোক্তাদের করণীয় বিষয়ে আলোচনা করা হয়।

## পিরোজপুরের বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টারে 'বিপণন কৌশল' প্রশিক্ষণ

বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টারে উদ্যোক্তাদের জন্য 'বিপণন কৌশল' বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয় ২৮-৩০ সেপ্টেম্বর ২০২০। উদ্যোক্তারা কীভাবে তাদের উৎপাদিত পণ্য সফলভাবে বিপণন করতে পারেন, পাশাপাশি ক্রিকেট ব্যাটের বর্তমান বাজার ব্যবস্থা, অনলাইন বিপণন মাধ্যম ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয় প্রশিক্ষণে। এতে বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টারের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। পিরোজপুরের নেছারাবাদ উপজেলার বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টারের ২৫০-৩০০ কারখানায় কাজ করেন ৩৫০০-৫০০০ শ্রমিক। ক্লাস্টারটিতে প্রস্তুতকৃত ক্রিকেট ব্যাট ঢাকার সদরঘাটের পাইকারি বাজার হয়ে সারা দেশে ছড়িয়ে পড়ে।



পিরোজপুরের বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টারে 'বিপণন কৌশল' প্রশিক্ষণ



চাঁপাইনবাবগঞ্জে 'নকশী ডিজাইন এবং সেলাই কৌশল' প্রশিক্ষণ

## চাঁপাইনবাবগঞ্জে 'নকশী ডিজাইন এবং সেলাই কৌশল' প্রশিক্ষণ

চাঁপাইনবাবগঞ্জের নকশীকাঁথা ক্লাস্টারে 'নকশী ডিজাইন এবং সেলাই কৌশল' বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ২২-২৪ সেপ্টেম্বর ২০২০। নকশী কাঁথায় নতুন ডিজাইন, কাঁথার পাড় সেলাই, জিগজ্যাগ সেলাই, নকশী কাঁথা তৈরি ইত্যাদি কার্যক্রম সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয় এই প্রশিক্ষণে। এছাড়া প্রশিক্ষণে চাঁপাইনবাবগঞ্জের নকশীকাঁথা ক্লাস্টারের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। চাঁপাইনবাবগঞ্জের ইসলামপুরে ১৩টি প্রতিষ্ঠান ও ৫০টি নারী-উদ্যোক্তা সমিতির এই নকশীকাঁথা ক্লাস্টারে প্রায় ৫০০০ নারী কর্মী কাজ করছেন। ক্লাস্টারটিতে দৈনিক গড়ে প্রায় ১৫০টি নকশীকাঁথা তৈরি করা হয়।

## বগুড়ায় 'বিপণন কৌশল' প্রশিক্ষণ

বগুড়ার শাঁওইল হ্যান্ডলুম শিল্প ক্লাস্টারে উদ্যোক্তাদের জন্য 'বিপণন কৌশল' বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ২৫-২৭ আগস্ট ২০২০। প্রশিক্ষণে পণ্য বিপণন প্রক্রিয়া, বর্তমান বাজার ব্যবস্থা, অনলাইন বিপণন মাধ্যমসহ বিভিন্ন বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণটিতে বগুড়ার শাঁওইল হ্যান্ডলুম শিল্প ক্লাস্টারের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। এই ক্লাস্টারে প্রায় ৬,০০০-৭,০০০ তাঁতী, ১,৫০০ উদ্যোক্তা। প্রায় ৬০,০০০ লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মরত। শাঁওইল বাজার হান্ডলুম শিল্প ক্লাস্টারের প্রধান পণ্য সূতা, কম্বল, চাদর, শাল চাদর, গামছা, তোয়ালে, বিছানার চাদর, পাপশ।




বগুড়ায় 'বিপণন কৌশল' প্রশিক্ষণ



জামালপুরে 'স্ক্রিন প্রিন্ট এবং ব্লক বাটিক কৌশল' প্রশিক্ষণ

## জামালপুরে 'স্ক্রিন প্রিন্ট এবং ব্লক বাটিক কৌশল' প্রশিক্ষণ

জামালপুর নকশীকাঁথা ক্লাস্টারে 'স্ক্রিন প্রিন্ট এবং ব্লক বাটিক কৌশল' বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ১৫-১৭ সেপ্টেম্বর ২০২০। প্রশিক্ষণে ব্লক প্রিন্ট, বাটিক প্রিন্ট, টাইডাই, কাপড়ে ছাপ মারা, কাপড়ে বাটিক করা ইত্যাদি বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। এ প্রশিক্ষণে জামালপুর নকশীকাঁথা ক্লাস্টারের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ক্লাস্টারটিতে প্রায় ২৬০জন উদ্যোক্তা রয়েছে। ক্লাস্টারটিতে উৎপাদিত অন্যতম পণ্য পাঞ্জাবী, ফতুয়া, শাড়ী, থ্রী-পিস, টু-পিস, ওড়না, ফ্রক, নকশীকাঁথা, চাদর, জায়নামাজ (সূতি), কুশন, ওয়ালম্যাট, মশারী কাভার।

## নরসিংদীতে 'বিপণন কৌশল' প্রশিক্ষণ

নরসিংদী টেক্সটাইল ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'বিপণন কৌশল বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ১৫-১৭ সেপ্টেম্বর ২০২০। উদ্যোক্তারা কীভাবে তাদের উৎপাদিত পণ্য সফলভাবে বিপণন করতে পারেন, পাশাপাশি টেক্সটাইল পণ্যের বর্তমান বাজার ব্যবস্থা, অনলাইন বিপণন মাধ্যমসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণে উদ্যোক্তাদের জন্য আলোচনা করা হয়। এতে নরসিংদী টেক্সটাইল ক্লাস্টারের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ক্লাস্টারটিতে প্রায় ৮০টি কারখানায় প্রায় ৩০০০০জন কর্মী রয়েছে।




নরসিংদীতে 'বিপণন কৌশল' প্রশিক্ষণ

# এসএমই ফাউন্ডেশনের সহায়তায় নারী-উদ্যোক্তাদের জন্য সহায়ক ডিরেক্টরি প্রকাশ করেছে International Trade Centre (ITC) SheTrades

এসএমই ফাউন্ডেশনের সহায়তায় দেশের নারী-উদ্যোক্তাদের জন্য সহায়ক ২২টি সংস্থা'র তথ্য সম্বলিত একটি ডিরেক্টরি প্রকাশ করেছে International Trade Centre (ITC) SheTrades। ১০ আগস্ট ২০২০, সোমবার, বিকাল তিনটায় অনলাইনে অনুষ্ঠিত এই ডিরেক্টরি প্রকাশ উপলক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পসচিব কে এম আলী আজম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম এবং আইটিসি শীট্রেডস কমনওয়েলথ, জেনেভা'র প্রোগ্রাম ম্যানেজার সাইমন বাফে (Simon Balfe)। 'বাংলাদেশ বিজনেস সাপোর্ট অর্গানাইজেশন ডিরেক্টরি' নামে প্রকাশিত এই ডিরেক্টরিতে বাংলাদেশের নারী-উদ্যোক্তাদের জন্য সহায়ক ২২টি সংস্থা'র মধ্যে আইটি ও বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) খাতের ৪টি সংস্থা হলো: বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কল সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বিএসিসিও), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফর্মেশন সার্ভিসেস (বেসিস), বাংলাদেশ উইমেন ইন টেকনোলোজি (বিডাব্লিউআইটি) এবং ই-কর্মাস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)। নারী-উদ্যোক্তাদের জন্য বিভিন্ন খাতের জন্য সহায়ক ১৫টি সংস্থা হলো: বাংলাদেশ ফেডারেশন অব উইমেন এন্ট্রাপ্রিনিয়রস (বিএফডাব্লিউই), চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডাব্লিউসিসিআই), ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ঢাকা উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিডব্লিউসিসিআই), দিনাজপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিডব্লিউসিসিআই), কিশোরগঞ্জ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (কেডাব্লিউসিসিআই), পটুয়াখালী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (পিডাব্লিউসিসিআই), রাজশাহী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (আরডব্লিউসিসিআই), রংপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (আরডব্লিউসিসিআই), শেরপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এসডব্লিউসিসিআই), সিরাজগঞ্জ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এসডব্লিউসিসিআই), এসএমই ফাউন্ডেশন (এসএমইএফ), সুনামগঞ্জ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এসডব্লিউসিসিআই), সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এসডব্লিউসিসিআই), এবং উইমেন এন্ট্রাপ্রিনিয়রস অ্যাসোসিয়েশন (ডাব্লিউইএ) আর বস্ত্র ও পোশাক খাতের তিনটি সংস্থা হলো: বাংলাদেশ হ্যান্ডিক্রাফটস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বাংলাক্রাফ্‌ট), একতা ফেয়ার ট্রেড ফোরাম এবং জুট ডাইভারসিফিকেশন অ্যান্ড প্রোমোশন সেন্টার (জেডিপিসি)। ডিরেক্টরিতে নারী-উদ্যোক্তাদের জন্য এসব সংস্থা'র সেবাসমূহের বিবরণ এবং যোগাযোগের প্রয়োজনীয় তথ্য তুলে ধরা হয়েছে।

অনুষ্ঠানে শিল্পসচিব কে এম আলী আজম বলেন, দেশের জনসংখ্যার অর্ধেক নারীদেরকে বাদ দিয়ে প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। তাই নারীবান্ধব ব্যবসার পরিবেশ তৈরিতে কাজ করছে সরকার। নারী-উদ্যোক্তাদের করোনা ভাইরাস পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধার কার্যক্রমে অংশ নিয়ে আবারো ঘুরে দাঁড়াতে এই ডিরেক্টরি সহায়ক হিসেবে কাজ করবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম বলেন, এক দশক আগেও শতকরা ৪৩ ভাগ অভিভাবক তাঁদের মেয়ে সন্তানদের উদ্যোক্তা হওয়ার পক্ষে মত দিতেন না।




কিন্তু এক বছর আগের গবেষণা বলছে, শতকরা প্রায় ৭৮ ভাগ অভিভাবক এখন তাঁদের সন্তানদের উদ্যোক্তার হওয়ার পক্ষে। পরিবর্তিত পরিস্থিতিতে দেশের ক্ষুদ্র ও মাঝারি নারী-উদ্যোক্তাদের ব্যবসা সংক্রান্ত জরুরি তথ্য ও সেবা পেতে এই ডিরেক্টরি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং আইটিসি শীট্রেডস-এর এই উদ্যোগের অংশ হয়ে বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সহায়তা করতে পেরে এসএমই ফাউন্ডেশন সন্তুষ্ট।

অনলাইন প্ল্যাটফর্ম 'জুম' এ আয়োজিত এ অনুষ্ঠানে দেশ-বিদেশের ৭০জন অংশগ্রহণ করেন। এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট (http://www.smef.gov.bd/) -এর 'প্রকাশনা ও প্রতিবেদন' অংশ থেকে অথবা https://smef.portal.gov.bd/site/files/14aca332-deb5-4467-87ff-ca3678d5f7c9 থেকে যে কেউ বিনামূল্যে এই ডিরেক্টরি ডাউনলোড করতে পারবেন।

# 'নারী-উদ্যোক্তাদের জন্য 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ আয়োজন

নারী-উদ্যোক্তাদের জন্য 'নতুন ব্যবসা সৃষ্টি' বিষয়ে অনলাইনে এবং সরাসরি দিনাজপুরে আলাদা ২টি প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং। অনলাইনে ২২-২৪ সেপ্টেম্বর ২০২০ আয়োজিত প্রশিক্ষণে ২২জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উদ্যোক্তাদের ব্যক্তিগত বৈশিষ্ট্য মূল্যায়ন, ব্যবসায় নৈতিকতা ও সামাজিক দায়িত্ব, উদ্যোক্তাদের ব্যবসায় বাধাসমুহ দূর করার উপায়, ব্যবসায়িক ধারণা বাছাই ও নির্বাচন, বাজার জরিপ চেকলিষ্ট, ব্যবসায়িক পরিকল্পনার প্রাথমিক ধারণা, ব্যবসার পরিকল্পনা প্রণয়ন এবং উপস্থাপন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদের বিস্তারিত ধারণা প্রদান করা হয়।



'নারী-উদ্যোক্তাদের জন্য 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণে অতিথিবৃন্দ

একই বিষয়ে ২য় প্রশিক্ষণটি সরাসরি দিনাজপুরে আয়োজন করা হয়। স্বাস্থ্যবিধি মেনে আয়োজিত প্রশিক্ষণটিতে ৩১জন নতুন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য নারী-উদ্যোক্তাদের সনদপত্র প্রদান করা হয়। ২০২০-২১ অর্থবছরে নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং'র কর্মপরিকল্পনা মোতাবেক নতুন নারী-উদ্যোক্তা তৈরির লক্ষ্যে 'নতুন ব্যবসা সৃষ্টি' বিষয়ে ১০টি প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে।

# নারী-উদ্যোক্তা উন্নয়নে আন্তর্জাতিক সহযোগী সংস্থাসমূহের সাথে যৌথ কর্মপরিকল্পনা নির্ধারণ বিষয়ক সভা

নারী-উদ্যোক্তা উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের সাথে বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক সহযোগী সংস্থার কার্যক্রম রয়েছে। এসব সংস্থার সাথে যৌথভাবে নারী-উদ্যোক্তা উন্নয়নে বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে এবং বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। কোভিড-১৯ এর প্রভাব এবং পরবর্তী চ্যালেঞ্জ বিবেচনায় নিয়ে উদ্যোক্তা উন্নয়নের সমন্বিত প্রচেষ্টাকে সামনে এগিয়ে নিতে সম্ভাব্য ভবিষ্যত সহযোগিতার ক্ষেত্রসমূহ নির্ধারণ এবং বাস্তবায়নে যৌথ কর্মকৌশলের রূপরেখা তৈরির লক্ষ্যে ০৩ সেপ্টেম্বর ২০২০ ওয়েবিনারের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। এতে সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম। ওয়েবিনারে নিম্নোক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয় :



নারী-উদ্যোক্তা উন্নয়নে আন্তর্জাতিক সহযোগী সংস্থাসমূহের সাথে যৌথ কর্মপরিকল্পনা নির্ধারণ বিষয়ক সভায় উপস্থিতির একাংশ

- কোভিড-১৯ পরিস্থিতিতে এসএমই ফাউন্ডেশনের গৃহীত কার্যক্রম বাস্তবায়নে a2i সহায়তা প্রদান করতে পারে।
- কোভিড-১৯ পরিস্থিতিতে অনলাইনে উদ্যোক্তাদের বাজার সংযোগের লক্ষ্যে 'We-Fi' প্রকল্প চলমান, যার উদ্দেশ্য হলো প্রধানতঃ নারী-উদ্যোক্তাদেরকে বৃহৎ প্রতিষ্ঠানের সাপ্লাই চেইনে সংযুক্ত করা। এক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন এবং বিশ্ব ব্যাংক যৌথভাবে কাজ করতে পারে।
- এসএমই নারী-উদ্যোক্তা ডেটাবেজ তৈরি ও রক্ষণাবেক্ষণ বিষয়ে এসএমই ফাউন্ডেশন এবং বিশ্ব ব্যাংকের প্রস্তুতি দ্রুত শেষ করা হবে। ঋণ প্রদানের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ডেটাবেজটি ব্যবহার করার জন্য উদ্বুদ্ধ করতে এসএমই ফাউন্ডেশন এবং আইএফসি-বিশ্ব ব্যাংক যৌথ উদ্যোগ গ্রহণ করতে পারে।
- কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা ও সঠিক পদক্ষেপ গ্রহণের জন্য 'Crisis Management Tools' তৈরি করা হয়েছে। এক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন অন্যান্য সহযোগী সংস্থার সাথে যৌথ কার্যক্রম গ্রহণ করতে পারে।
- এশিয়া ফাউন্ডেশনের চলমান কর্মসূচি 'করোনামুক্ত নিরাপদ কর্মস্থল নিশ্চিতকরণ প্রশিক্ষণ' এবং সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমে এসএমই ফাউন্ডেশন এবং এশিয়া ফাউন্ডেশন যৌথভাবে কাজ করতে পারে।
- নারী-উদ্যোক্তাদের উৎপাদিত হস্তশিল্প পণ্যের বাজার উন্নয়নে কাজ করার সুযোগ রয়েছে।
- এসএমই বিজনেস সাপোর্ট প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের প্রোফাইলসমৃদ্ধ BSO Directory সমৃদ্ধকরণ বিষয়ে যৌথ কার্যক্রমের সুযোগ রয়েছে।

সহযোগী সংস্থাসমূহের পক্ষ থেকে ওয়েবিনারে যুক্ত ছিলেন আইএফসি-বিশ্ব ব্যাংক গ্রুপ'র প্রাইভেট সেক্টর স্পেশালিস্ট হোসনা ফেরদৌস সুমি, ITC-SheTrades-এর কান্ট্রি ডিরেক্টর তানভীর আহমেদ, iDE Bangladesh-এর Senior Technical Specialist আশাপূর্ণা দাস পূর্বা, a2i'র Junior Consultant-Partnership Management Support শাকেরা নাহার, এশিয়া ফাউন্ডেশন-WEESMS-এর Deputy Team Leader মীর যুনায়েদ জামাল এবং বিশ্ব ব্যাংক গ্রুপের টেকনিক্যাল কনসালটেন্ট তাসমিন লায়লা। এসএমই ফাউন্ডেশন থেকে ওয়েবিনারে যুক্ত ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক এসএম শাহীন আনোয়ার, মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমানসহ সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণ।

# নারী-উদ্যোক্তাদের জন্য 'Online Business Communication & Skill Development' প্রশিক্ষণ

২৫-২৭ আগষ্ট ২০২০ অনলাইনে নারী-উদ্যোক্তাদের জন্য 'Business Communication and online business skill development' বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। দুই ব্যাচে আয়োজিত প্রশিক্ষণে ৬২জন নারী-উদ্যোক্তা অনলাইনে যুক্ত হন।

কোভিড-১৯ প্রেক্ষাপটে নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক যোগাযোগের দক্ষতা উন্নয়নের অংশ হিসেবে পণ্য বাজারজাতকরণ কৌশল, নতুন ব্যবসায়িক এটিকেটস, ব্যবসা পরিকল্পনা, প্রোডাক্ট প্রোমোশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ইত্যাদি বিষয় নারী-উদ্যোক্তাদের কাছে তুলে ধরেন প্রশিক্ষকগণ। মহামারীর সময়েও উৎপাদিত পণ্য বিপণনের ক্ষেত্রে করণীয় ও বর্জনীয়সহ আধুনিক প্রযুক্তির লাগসই ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ব্যবসায় লাভবান হওয়ার বিভিন্ন উপায় নিয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা



নারী-উদ্যোক্তাদের জন্য 'Online Business Communication & Skill Development' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

প্রদান করা হয় প্রশিক্ষণে। সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করায় অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের সনদপত্র প্রদান করা হয়। উল্লেখ্য, এসএমই ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং'র ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনায় Business Communication and online business skill development of women entrepreneurs কর্মসূচির আওতায় মোট ৮টি প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে।

## জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটির সভায় এসএমই ফাউন্ডেশন কর্মকর্তাদের অংশগ্রহণ

কোভিড-১৯ এর কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড বেগবান করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী প্রায় ১ লক্ষ কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছেন। কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (CMSME) সক্ষমতা অক্ষুণ্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার উদ্দেশ্যে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রবর্তনের জন্য ২০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেন তিনি। এসএমই খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে সহযোগিতা, করোনা পরিস্থিতিতে এসএমই খাতের সামগ্রিক বিষয় পর্যবেক্ষণ এবং করোনা পরবর্তী সময়ে অতি ক্ষুদ্র, ক্ষুদ্র, কুটির এবং মাঝারি শিল্প খাত কীভাবে ঘুরে দাঁড়াতে পারে, সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও সুপারিশমালা তৈরির জন্য অতিরিক্ত সচিব মোঃ হেলাল উদ্দিন এনডিসি কে আহ্বায়ক করে 'এসএমই খাত উজ্জীবন সংক্রান্ত কমিটি' গঠন করে শিল্প মন্ত্রণালয়। পরবর্তীতে এই কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সমন্বিত ও সুচারুরূপে বাস্তবায়নে সহযোগিতার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে জেলা প্রশাসককে আহ্বায়ক করে 'জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি' গঠন করা হয়। এসএমই ফাউন্ডেশন এই কমিটির সদস্য হিসেবে শুরু থেকেই বিভিন্ন জেলায় অনুষ্ঠিত সভাগুলোতে অনলাইনে অংশগ্রহণ করে আসছে। এখন পর্যন্ত সব জেলায় প্রতি মাসে ঋণ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে ৩০-৩২ জেলায় অনুষ্ঠিত ভার্চুয়াল সভায় এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। কমিটি গঠনের পর থেকে এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাগণ নিয়মিত ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের তালিকা প্রণয়ন, লিড ব্যাংকের সক্রিয় দায়িত্ব পালন ও প্রতিটি ব্যাংকের শাখায় হেল্প ডেস্ক স্থাপন, স্থানীয়ভাবে অধিক প্রচার-প্রচারণা ও উপখাত ভিত্তিক ঋণ বিতরণের বিষয়ে গুরুত্ব প্রদান করে মতামত ও পরামর্শ দিয়েছেন। উল্লেখ্য, ফাউন্ডেশন প্রণোদনা প্যাকেজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন তথা প্রান্তিক উদ্যোক্তাদের জন্য ঋণ প্রাপ্তি সহজীকরণের উদ্দেশ্যে একটি গাইডলাইন প্রণয়ন করেছে। এছাড়া জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটিকে সার্বিক সহায়তার উদ্দেশ্যে একটি ঋণ মনিটরিং ফরম্যাট তৈরি ও বিতরণ, উদ্যোক্তাদের প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য ফোকাল পার্সন নির্বাচন, বিভিন্ন জেলা কমিটির নিকট সার্কুলারসহ প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণসহ বিভিন্ন কার্যক্রম এসএমই ফাউন্ডেশন বাস্তবায়ন করছে।



জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটির সভায় এসএমই ফাউন্ডেশন কর্মকর্তাদের অংশগ্রহণ

## ঋণ বিতরণ কার্যক্রম জোরদারের লক্ষ্যে অংশীদার আর্থিক প্রতিষ্ঠানের সাথে এসএমই ফাউন্ডেশনের অনলাইনে মতবিনিময় সভা আয়োজন

এসএমই ফাউন্ডেশন ২০০৯ সাল থেকে শতকরা মাত্র ৯ ভাগ সুদে অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে নির্দিষ্ট ক্লাস্টার ও নারী-উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ করে আসছে। এই ঋণ বিতরণ কার্যক্রম আরো বেগবান করা এবং করোনা পরিস্থিতিতে উদ্যোক্তাদেরকে আরো বেশি পরিমাণে অর্থায়নের উপায় খুঁজে বের করার লক্ষ্যে ১০ সেপ্টেম্বর ২০২০, বৃহস্পতিবার অনলাইন প্ল্যাটফর্ম জুমের মাধ্যমে অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে এসএমই ফাউন্ডেশনের একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্যাংক এশিয়া, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, সাউথইস্ট ব্যাংক, ঢাকা ব্যাংক, ব্র্যাক ব্যাংক, মাইডাস ফাইন্যান্সিং এবং আইডিএলসি ফাইন্যান্স এর এসএমই প্রধানগণ অংশগ্রহণ করেন। সভায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ তাদের মতামত তুলে ধরেন। অর্থায়নে 'ট্রেড লাইসেন্স' এর বিকল্প কী হতে পারে, এসএমই ফাউন্ডেশনের ক্লাস্টার ফাইন্যান্সিং এর সুদের হার এবং ক্লাস্টার অর্থায়নে অ্যাসোসিয়েশনের ভূমিকাসহ বিভিন্ন বিষয় নিয়ে সভায় আলোচনা হয়। এছাড়া করোনা পরিস্থিতিতে নতুন উদ্যোক্তা এবং নারী-উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তি সহজীকরণের বিষয়েও মতবিনিময় সভায় বিস্তারিত আলোচনা হয়। সভা পরিচালনা করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোঃ নাজিম হাসান সাত্তার। উল্লেখ্য, জুন ২০২০ পর্যন্ত ১০টি বাণিজ্যিক ব্যাংক এবং ২টি আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ১৯৪০জন উদ্যোক্তাকে প্রায় ১০০ কোটি টাকা ঋণ দিয়েছে এসএমই ফাউন্ডেশন।



ঋণ বিতরণ কার্যক্রম জোরদারের লক্ষ্যে অংশীদার আর্থিক প্রতিষ্ঠানের সাথে ফাউন্ডেশনের ভার্চুয়াল মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের একাংশ

# 'Shoe & Leather Goods Fair 2020' ভার্চুয়াল মেলায় এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ

কোভিড-১৯ প্রেক্ষাপটে একদিকে যেমন উদ্যোক্তাদের বিভিন্ন আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ করা কঠিন ছিল, তেমনি অনেক আন্তর্জাতিক মেলা আয়োজনও স্থগিত ছিল। এমন পরিস্থিতিতে উদ্যোক্তাদের পণ্য ক্রেতাদের কাছে পরিচিত করতে এবং চাহিদামত পৌঁছে দিতে ০৮ সেপ্টেম্বর-০৭ অক্টোবর ২০২০ 'Shoe & Leather Goods Fair 2020' শীর্ষক ভার্চুয়াল মেলা আয়োজন করে BDFairs.Com, এমিস্কো, লেদারটেক সলিউসন এবং এক্সপোনেন্ট এক্সিবিশন। এ আয়োজনে সহায়তা করে এসএমই ফাউন্ডেশন, আইডিয়া ট্রি এবং ট্যুভসুড বাংলাদেশ। এক মাসব্যাপী এই ভার্চুয়াল মেলায় অংশগ্রহণ করে দেশীয় রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসহ জার্মানি, তাইওয়ান ও চীন এর বিখ্যাত জুতা উৎপাদনকারী, পাদুকা কারখানার যন্ত্রপাতি সরবরাহকারী কয়েকটি প্রতিষ্ঠান। প্রতিদিন কোন রেজিস্ট্রেশন ছাড়াই অংশগ্রহণ করেছেন আন্তর্জাতিক ব্র্যান্ডের ক্রেতাগণ। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় লেদারগুডস ও ফুটওয়্যার উৎপাদনকারী নিম্নবর্ণিত ৭টি প্রতিষ্ঠান এই ভার্চুয়াল মেলায় অংশগ্রহণ করে:

১. স্মার্ট লেদার প্রোডাক্টস্
স্বত্বাধিকারী: মাসুদা ইয়াসমিন উর্মি
২. পিপলস্ ফুটওয়্যার অ্যান্ড লেদার গুডস্
স্বত্বাধিকারী: মোসা. রেজবিন হাফিজ
৩. ডিজাইন বাই রুবিনা
স্বত্বাধিকারী: রুবিনা আক্তার মুন্নি
৪. সাবাব লেদার,
স্বত্বাধিকারী: মাকসুদা খাতুন
৫. টিএএম ক্রিয়েশন
স্বত্বাধিকারী: তানহা আক্তার মুক্তা




৬. থ্রি টেক,
স্বত্বাধিকারী: মোঃ তাসনিম আলম
৭. কোরিয়াম বাংলাদেশ
স্বত্বাধিকারী: মোঃ শাকিল আহমেদ

আয়োজকদের আশা, কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে পণ্যের সরবরাহ ব্যবস্থা ঠিক রাখতে উদ্যোক্তাদের জন্য এমন আয়োজন কার্যকর ভূমিকা রাখবে, পাশাপাশি আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জল হবে এবং চামড়া খাতের আন্তর্জাতিক ক্রেতাগণ সহজেই তাদের চাহিদামত বাংলাদেশের উৎপাদকদের পণ্য কিনতে পারবেন। ভার্চুয়াল এ প্ল্যাটফর্মের কারণে ক্রেতা-বিক্রেতা উভয় পক্ষের যেমন অর্থ এবং সময়ের সাশ্রয় হয়েছে, তেমনি স্বাস্থ্য ঝুঁকিও ছিল না। অনলাইন এই মেলায় ডিজিটাল পদ্ধতিতে পণ্য প্রদর্শনের পাশাপাশি মেলা চলাকালে উদ্যোক্তাদের সাথে ক্রেতাদের সরাসরি যোগাযোগ ও মতবিনিময় করার সুযোগ রাখা হয়। ফলে বিশ্ববাজারের সাথে বাংলাদেশের উদ্যোক্তাদের সংযোগ স্থাপিত হয়। বিভিন্ন আন্তর্জাতিক ক্রেতাদের ভার্চুয়াল মেলা ভিজিট করার উদ্যোগ গ্রহণ করা হয়। মেলা চলাকালে সামাজিক যোগাযোগ মাধ্যমে দেশী-বিদেশী বিশেষজ্ঞদের অংশগ্রহণে উন্মুক্ত ওয়েবিনার, টকশো, টেকনিক্যাল নলেজ শেয়ারিং প্রোগ্রামের আয়োজন ছিল সবার জন্য উন্মুক্ত।

# ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের 'অনলাইন ব্যবসা পরিচালনা' প্রশিক্ষণ

দেশের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বর্তমান বিশ্ব অর্থনীতিতে 'ডিজিটাল কমার্স' ক্রমবর্ধমান ব্যবসায়িক কৌশল এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী মাধ্যম। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনেকেই ডিজিটাল কমার্স সুবিধা ব্যবহার করে দেশ ও বিদেশে উৎপাদিত পণ্য বা সেবা বিপণন করছেন। পণ্যের কাঁচামাল সংগ্রহ থেকে শুরু করে বাজারজাতকরণ পর্যন্ত সকল কার্যাবলী 'ডিজিটাল কমার্স' এর সুবিধা ব্যবহার করে সহজে করা সম্ভব। এসএমই ফাউন্ডেশন সরকারের লক্ষ্য 'রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এবং জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮ এর আলোকে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনলাইন ব্যবসায় দক্ষতা বৃদ্ধিতে ডিজিটাল কমার্স বিষয়ক প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম নিয়মিতভাবে আয়োজন করে আসছে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের 'ডিজিটাল কমার্স' ব্যবসার সাথে অভ্যস্ত করার লক্ষ্যে ফাউন্ডেশন এ বিষয়ে দেশব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ এসব প্রশিক্ষণে অংশ নিয়ে 'ডিজিটাল কমার্স'-এর প্রয়োজনীয়তা ও ব্যবসা প্রসার উপযোগী বিভিন্ন



ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের 'অনলাইন ব্যবসা পরিচালনা' প্রশিক্ষণ

বিষয়াদি সম্পর্কে ব্যবহারিক ধারণা অর্জন করেন। দেশের বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় এসএমই ফাউন্ডেশন জুলাই-সেপ্টেম্বর ২০২০-এ এসএমই উদ্যোক্তাদের অনলাইন ব্যবসা ই-কমার্স বিষয়ে দক্ষ করার লক্ষ্যে Zoom সফটওয়্যার ব্যবহার করে অনলাইন প্ল্যাটফর্মে ১২টি প্রশিক্ষণ আয়োজন করেছে এবং এতে সর্বমোট ২৪০জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

প্রশিক্ষণ সম্পর্কিত তথ্য নিম্নরূপ-

| | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণ সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | How to Start E-Commerce | ০৮ | ১৬০ |
| ২. | Social Commerce for SMEs | ০৪ | ৮০ |
| | সর্বমোট | ১২ | ২৪০ |

# জুলাই-সেপ্টেম্বর ২০২০ মানবসম্পদ উন্নয়ন শাখার ৫টি প্রশিক্ষণ আয়োজন

ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উন্নয়নে শিল্প ও ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি এবং উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উদ্যোক্তাদের চাহিদার ভিত্তিতে এসএমই ফাউন্ডেশন দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করছে। কোভিড-১৯ পরিস্থিতিতে জুলাই-সেপ্টেম্বর ২০২০ উদ্যোক্তাদের চাহিদার ভিত্তিতে এবং বিভিন্ন ট্রেড বডিজ, চেম্বার, অ্যাসোসিয়েশন এর সহায়তায় অনলাইন প্ল্যাটফর্ম জুম এর মাধ্যমে মোট ৫টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। পার্লার ব্যবস্থাপনা, ন্যাচারাল (ভেজিটেবল) ডায়িং এবং ব্লক-বাটিক বিষয়ে ইতঃপূর্বে প্রশিক্ষণ নেয়া উদ্যোক্তাদের নিয়ে তিনটি রিফ্রেশার্স প্রশিক্ষণ অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন করা হয়। এতে মোট ৮০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ ইতঃপূর্বে তাদের প্রশিক্ষণে প্রাপ্ত জ্ঞানের সমস্যাসমূহ নিয়ে সরাসরি রিসোর্স পার্সনদের সাথে আলোচনা করে সমাধান করেন। রিফ্রেশার্স প্রশিক্ষণসমূহে রিসোর্স পার্সন ছিলেন আফরোজা পারভীন, নাঈমা ইসলাম এবং ইসরাত জাহান ইলা।



'নারী-উদ্যোক্তাদের জন্য 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণে অতিথিবৃন্দ

এছাড়া ২০-২২ জুলাই ২০২০ 'আয়ুর্বেদিক বিউটি থেরাপি' বিষয়ক একটি প্রশিক্ষণ অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন করা হয়েছে। আয়ুর্বেদিক পণ্য ব্যবহারে নারীদের আগ্রহ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। উদ্যোক্তাগণ কী ধরনের আয়ুর্বেদিক পণ্য দিয়ে সেবা গ্রহণকারীদের স্বাস্থ্যসম্মত উপায়ে সেবা প্রদান করবেন, প্রশিক্ষণে সে বিষয়ে উদ্যোক্তাদের কাছে বিস্তারিত তুলে ধরেন প্রশিক্ষণগণ। প্রশিক্ষণে বিউটি পার্লার ব্যবসার সাথে সরাসরি জড়িত ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

০৮-১০ সেপ্টেম্বর ২০২০ 'নতুন ব্যবসা তৈরি' একটি প্রশিক্ষণ অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন করা হয়। যারা নতুন ব্যবসা করতে চান, তাদেরকে অগ্রাধিকার দিয়ে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তার ব্যক্তিগত বৈশিষ্ট্য, ব্যবসায়িক বাধাসমূহ দূর করার উপায়, ব্যবসায়িক ধারণা তৈরি, বাছাই ও নির্বাচন, নির্বাচিত ব্যবসার 'শক্তি, দুর্বলতা, সম্ভাবনা ও আশংকা (Strength, Weakness, Opportunity, Threat-SWOT) বিশ্লেষণ, বিপণন ব্যবস্থাপনা, পণ্যের মূল্য নির্ধারণ পদ্ধতি, চাহিদা নিরূপণ, সংগঠন ও ব্যবস্থাপনা সর্বোপরি একটি ব্যবসা পরিকল্পনা তৈরি বিষয়ে ধারণা লাভ করেন উদ্যোক্তাগণ। এই প্রশিক্ষণলব্ধ জ্ঞান দিয়ে পরবর্তীতে প্রশিক্ষণার্থীগণ তাদের নতুন ব্যবসা শুরু করতে পারবেন। প্রশিক্ষণে মোট ৩৪জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**এক নজরে জুলাই-সেপ্টেম্বর ২০২০ মানবসম্পদ উন্নয়ন শাখার ৫টি প্রশিক্ষণের তথ্য:**

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | তারিখ | প্রশিক্ষণার্থী |
|---|---|---|---|
| ১ | 'বিউটিফিকেশন এবং পার্লার ব্যবস্থাপনা' রিফ্রেশার্স প্রশিক্ষণ | ৯ জুলাই ২০২০ | ২২ |
| ২ | আয়ুর্বেদিক বিউটি থেরাপি | ২০-২২ জুলাই ২০২০ | ৩০ |
| ৩ | 'ন্যাচারাল ডায়িং' রিফ্রেশার্স প্রশিক্ষণ | ২৪ আগস্ট ২০২০ | ৪০ |
| ৪ | নতুন ব্যবসা তৈরি | ০৮-১০ সেপ্টেম্বর ২০২০ | ৩৪ |
| ৫ | 'ব্লক অ্যান্ড বাটিক' রিফ্রেশার্স প্রশিক্ষণ | ১৪ সেপ্টেম্বর ২০২০ | ২৪ |

**নভেম্বর-ডিসেম্বর ২০২০ এবং জানুয়ারি ২০২১ এ ফাউন্ডেশনের সম্ভাব্য প্রশিক্ষণের তথ্য নিম্নরূপ। বিস্তারিত জানতে নিয়মিত ভিজিট করুন এসএমই ফাউন্ডেশনের ভেরিফাইড ফেসবুক পেজ** www.facebook.com/SME.Foundation.bd

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | সম্ভাব্য মাস |
|---|---|---|
| ১. | নতুন ব্যবসা সৃষ্টি | নভেম্বর '২০ |
| ২. | আমদানি রপ্তানি প্রক্রিয়া | নভেম্বর '২০ |
| ৩. | বিভিন্ন ধরনের চামড়াজাত পণ্য তৈরি | নভেম্বর '২০ |
| ৪. | বিপণন (মার্কেটিং) ব্যবস্থাপনা | ডিসেম্বর '২০ |
| ৫. | বিভিন্ন ধরনের পাটজাত পণ্য তৈরি | ডিসেম্বর '২০ |
| ৬. | ফাষ্ট ফুড তৈরি ও সংরক্ষণ | ডিসেম্বর '২০ |
| ৭. | ব্লক-বাটিক বিষয়ক প্রশিক্ষণ | ডিসেম্বর '২০ |
| ৮. | ন্যাচারাল ডায়িং | ডিসেম্বর '২০ |
| ৯. | নতুন ব্যবসা সৃষ্টি | জানুয়ারি '২১ |
| ১০. | বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা | জানুয়ারি '২১ |
| ১১. | বিভিন্ন ধরনের চামড়াজাত পণ্য তৈরি | জানুয়ারি '২১ |
| ১২. | বিভিন্ন ধরনের পাটজাত পণ্য তৈরি | জানুয়ারি '২১ |
| ১৩. | স্ক্রিন প্রিন্ট বিষয়ক প্রশিক্ষণ | জানুয়ারি '২১ |
| ১৪. | ই-মার্কেটিং | নভেম্বর '২০ |
| ১৫. | ই-কমার্স | নভেম্বর ও ডিসেম্বর '২০ |
| ১৬. | সোশ্যাল কমার্স | ডিসেম্বর '২০ |

# ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা আয়োজন

ফাউন্ডেশনের ক্লাস্টার উন্নয়ন শাখার উদ্যোগে ৬টি ক্লাস্টারের ৬জন প্রতিনিধির সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় ১৬ জুলাই ২০২০। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানের সভাপতিত্বে অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত মতবিনিময় সভায় টাঙ্গাইল হ্যান্ডলুম ক্লাস্টার, নরসিংদী টেক্সটাইল মিলস ক্লাস্টার, সিরাজগঞ্জ হ্যান্ডলুম ক্লাস্টার, টাঙ্গাইল টেক্সটাইল ক্লাস্টার, চাপাইনবাবগঞ্জ হ্যান্ডলুম ক্লাস্টার এবং নারায়ণগঞ্জে ফ্লাওয়ার মিল ক্লাস্টারের উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন। মতবিনিময় সভায় ক্লাস্টার প্রতিনিধিগণ করোনা মহামারীতে তাঁদের ব্যবসা-বাণিজ্যের চিত্র তুলে ধরে জানান, কোভিড-১৯ এর কারণে তাঁরা পণ্য বিক্রি করতে না পারায় পণ্য মজুদ হয়ে আছে। অন্যদিকে, সুতা ও আধুনিক যন্ত্রপাতির অভাবে পণ্য রপ্তানির জন্য মানসম্পন্ন পণ্যও তৈরি করতে পারছেন না। সভায় এসএমই ফাউন্ডেশন কর্তৃক সম্পাদিত কার্যাবলী সম্পর্কে ক্লাস্টার প্রতিনিধিদের জানানো হয়। সেই সাথে এসএমই ক্লাস্টারসমূহের সাথে এসএমই ফাউন্ডেশন সার্বক্ষণিক সহযাত্রী হিসেবে পাশে থাকার প্রত্যয় ব্যক্ত করা হয়। মতবিনিময় সভায় এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবদুস সালাম সরদার অংশগ্রহণ করেন।


ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভায় উপস্থিতির একাংশ

## প্রশ্নোত্তর

### ফাউন্ডেশনের ভেরিফাইড ফেসবুক পেজে উদ্যোক্তাদের প্রশ্নসমূহ

**প্রশ্ন:** আমি একজন উদ্যোক্তা। জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার ২০২১ এর জন্য আবেদন করতে চাই। কীভাবে করব?

-সাদিয়া ইসলাম

**উত্তর:** *এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট* www.smef.gov.bd *-এর জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০২১ এর বিজ্ঞাপনটি ভালোভাবে পড়ুন এবং নির্দেশনা অনুসারে ফর্মটি সঠিকভাবে পূরণ করুন। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না। উদ্যোক্তা কোন ক্যাটাগরিতে অবস্থান করছেন সেটি জানতে আবেদনপত্রের শেষ পৃষ্ঠায় উল্লিখিত শিল্পনীতি-২০১৬ এর সংজ্ঞা পড়তে হবে। এ বিষয়ে বিস্তারিত জানতে এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট* www.smef.gov.bd *ছাড়াও ফাউন্ডেশনের ভেরিফাইড ফেসবুক পেজ* www.facebook.com/SME.Foundation.bd *ফলো করতে পারেন। আরো বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন,*
*সৈয়দা সুলতানা ইয়াসমিন, ব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন*
*ফোনঃ ০১৫৫২৩২৬১০৩*

**প্রশ্ন:** আমি লেদার পণ্যের প্রশিক্ষণ নিতে চাই। এ বিষয়ে প্রশিক্ষণ কবে হবে?

-আতোয়ার রহমান

**উত্তর:** *নভেম্বর ২০২০ এবং জানুয়ারি ২০২১-এ 'বিভিন্ন ধরনের চামড়াজাত পণ্য তৈরি' বিষয়ে প্রশিক্ষণের পরিকল্পনা আছে। বিস্তারিত তথ্যের জন্য ফাউন্ডেশনের ভেরিফাইড ফেসবুক পেজ* www.facebook.com/SME.Foundation.bd *ভিজিট করুন।*

**প্রশ্ন:** আসসালামু আলাইকুম। আমি একজন স্টুডেন্ট এবং তরুণ উদ্যোক্তা। নকশীকাঁথা নিয়ে কাজ করছি। কারখানা আছে। আমার বায়ার লাগবে। এ ব্যপারে যদি কোন হেল্প করতে পারেন। অগ্রিম ধন্যবাদ।

-শাহীনুর ইসলাম সাগর

**উত্তর:** *এসএমই ফাউন্ডেশন প্রতি বছর ঢাকায় জাতীয় এসএমই পণ্য মেলা এবং বিভিন্ন বিভাগ ও জেলা শহরে আঞ্চলিক এসএমই পণ্য মেলা আয়োজন করে। আপনিও এ সকল মেলায় অংশগ্রহণ করতে পারেন। কারণ, এসব মেলায় খুচরা ক্রেতাদের পাশাপাশি পাইকারি ক্রেতাগণও পরিদর্শন করে চাহিদামত পণ্যের অর্ডার করে থাকেন। এছাড়া ফাউন্ডেশন থেকে 'বিপণন ব্যবস্থাপনা' বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেও পণ্যের বাজারজাতকরণ ও বায়ার চিহ্নিতকরণ বিষয়ে ধারণা লাভ করতে পারেন। সমসাময়িক পরিস্থিতি বিবেচনায় এসএমই ফাউন্ডেশন থেকে ই-কমার্স বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে অনলাইন মার্কেটিংয়ের মাধ্যমেও আপনি আপনার পণ্যের ক্রেতা পেতে পারেন। ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে জানতে এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট* www.smef.gov.bd *ভিজিট করুন।*

**প্রশ্ন:** বিউটিফিকেশন-এর কোর্সটা কী ট্রেড লাইসেন্স না থাকলে করা যাবে না?

-মৌসুমী ইসলাম

**উত্তর:** *বিউটিফিকেশন কোর্সটি কেবলমাত্র উদ্যোক্তাদের জন্য ডিজাইনকৃত। একজন উদ্যোক্তার অবশ্যই ট্রেড লাইসেন্স থাকতে হয়।*

**প্রশ্ন:** আমি ব্লক, বাটিক এর ট্রেনিংটি করেছি। এখন ফ্যাশন ডিজাইন বিষয়ে প্রশিক্ষণটি করা দরকার। কীভাবে করব?

-পলি আক্তার

**উত্তর:** *যে কোন প্রশিক্ষণের তথ্য পেতে এসএমই ফাউন্ডেশনের ভেরিফাইড ফেসবুক পেইজ* www.facebook.com/SME.Foundation.bd *ভিজিট করুন। সেখানে 'ফ্যাশন ডিজাইন' প্রশিক্ষণ সম্পর্কে তথ্য পাবেন।*

**প্রশ্ন:** আসসালামু আলাইকুম। আমি একজন ক্ষুদ্র উদ্যোক্তা। আমি ব্যাংক ঋণের জন্য অনেক চেষ্টা করেছি, কিন্তু হচ্ছে না। আমি কি আপনাদের কাছ থেকে কোন সাহায্য পেতে পারি?

-তামান্না মৌরী

**উত্তর:** *এসএমই ফাউন্ডেশন থেকে সরাসরি উদ্যোক্তাদের ঋণ প্রদান করা হয় না। তবে উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ সহায়তা প্রদান, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগের জন্য তথ্য প্রদান এবং প্রয়োজনে ফলোআপ করা হয়। উল্লেখ্য, ঋণ আবেদনের জন্য উদ্যোক্তাদের প্রয়োজনীয় কাগজপত্র, যেমন: হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয়পত্র, দোকান ভাড়া চুক্তিপত্র/পজিশন ডিড/টাইটেল ডিড, কর সনদপত্র ও ভ্যাট রেজিস্ট্রেশন (প্রযোজ্যক্ষেত্রে) ইত্যাদি দাখিল করতে হয়। তবে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানভেদে এবং আবেদনকারী উদ্যোক্তার ব্যবসার ধরনভেদে আরো কিছু কাগজপত্র প্রয়োজন হতে পারে। আরো বিস্তারিত তথ্য এবং পরামর্শের জন্য যোগাযোগ করতে পারেন ফাউন্ডেশনের অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারে। যোগাযোগ:*
*জনাব মো: আব্বাস আলী, ব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন,*
*ফোনঃ ০১৮১৮৪৮৯২৩৫*

# জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি এসএমই ফাউন্ডেশনের শ্রদ্ধা নিবেদন

১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়েছে এসএমই ফাউন্ডেশন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে শিল্প মন্ত্রণালয় প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর ম্যুরালে ফাউন্ডেশনের পক্ষে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোঃ সিরাজুল হায়দার এনডিসি এবং উপমহাব্যবস্থাপক আব্দুস সালাম সরদার এ সময় তাঁর সাথে ছিলেন।



জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি এসএমই ফাউন্ডেশনের শ্রদ্ধা নিবেদন

# শিল্প মন্ত্রণালয়ের সাথে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সই করেছে এসএমই ফাউন্ডেশন

২০২০-২১ অর্থবছরে এসএমই খাতের উন্নয়নে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সই করেছে এসএমই ফাউন্ডেশন। ২৬ জুলাই ২০২০ অনলাইন প্ল্যাটফর্মে আয়োজিত অনুষ্ঠানে সংস্থা শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাগুলোর প্রধানগণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সই করেন। এসএমই ফাউন্ডেশনের পক্ষে এপিএ সই করেন ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম। তিনি জানান, সরকারের উন্নয়ন পরিকল্পনা এবং এসএমই নীতিমালা ২০১৯ বাস্তবায়নকে বিবেচনায় নিয়ে ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়নের জন্য ৫টি কৌশলগত লক্ষ্যের আওতায় ৩২টি কার্যক্রম এবং ৪৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো, এসএমই উদ্যোক্তাদের নতুন বাজার সম্প্রসারণ, উৎপাদিত পণ্য বাজারজাতকরণে সহায়তা, জাতীয় ও আঞ্চলিক এসএমই পণ্য মেলা আয়োজন, উদ্যোক্তাদের ব্যবসা ব্যবস্থাপনা ও কারিগরি দক্ষতা বৃদ্ধি, রপ্তানি উন্নয়ন ব্যুরো-ইপিবি'র সহায়তায় যোগ্য উদ্যোক্তাদের পণ্য রপ্তানিতে সহায়তাকরণ, তৃতীয় লিঙ্গ ও দলিত সম্প্রদায়ের উদ্যোক্তাদের প্রশিক্ষণের আওতায় অন্তর্ভুক্তকরণ, মুজিব বর্ষ উপলক্ষে বিশেষ জার্নাল প্রকাশ ও 'শিল্পায়নে বঙ্গবন্ধু' সেমিনার আয়োজন। শিল্পসচিব কে এম আলী আজমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং বিশেষ অতিথি ছিলেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি। শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা প্রধানগণ স্বীয় দপ্তর থেকে অনলাইনে সভায় যোগদান করেন এবং প্রতিষ্ঠানের পক্ষে শিল্প মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেন। অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের প্রধানদের মধ্যে বিসিক চেয়ারম্যান মোঃ মোশতাক হাসান এনডিসি এবং এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম বক্তব্য রাখেন।



শিল্প মন্ত্রণালয়ের সাথে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সই করেছে এসএমই ফাউন্ডেশন

অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি বলেন, এপিএ বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় সহায়তা অব্যাহত থাকবে। এ লক্ষ্যে তিনি সকল দপ্তর/সংস্থাকে যথাযথভাবে কাজ করার আহবান জানান। এছাড়া শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের মধ্যে যেসব প্রতিষ্ঠান এখনো লোকসান করছে, সেসব প্রতিষ্ঠানকে লাভজনক করতে তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি বলেন, পূর্ববর্তী বছরে অর্জিত এপিএ-এর সাথে সামঞ্জস্য রেখে পরবর্তী বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

শিল্পসচিব কে এম আলী আজম বলেন, শিল্প খাতের উন্নয়ন দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে বিশেষ গুরুত্ব বহন করে। দেশের প্রতি সরকারি কর্মকর্তা-কর্মচারিদের ঋণ পরিশোধের দায়বদ্ধতা পূরণে শিল্প মন্ত্রণালয়ে কাজ করা এক বিরাট সুযোগ। এ বিষয়টি লক্ষ্য রেখে সরকারের উন্নয়ন রূপরেখা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি।

সরকারি কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন, দক্ষতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে এবং সকল স্তরে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য ২০১৪-১৫ অর্থবছরে প্রথমবারের মতো বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চালু করা হয়। ২০১৮-১৯ অর্থবছরের প্রথমবারের মত এপিএ সই করে শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাগুলোর মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করে এসএমই ফাউন্ডেশন।


সম্পাদনা পরিষদ: এস এম শাহীন আনোয়ার, উপব্যবস্থাপনা পরিচালক; মোঃ নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; সিরাজুল হায়দার এনডিসি, মহাব্যবস্থাপক, মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক, অঙ্গসজ্জা: মো: আরিফুল ইসলাম, প্রোগ্রাম সহকারী, এসএমই ফাউন্ডেশন রয়েল টাওয়ার, ৪ পান্থপথ, ঢাকা-১২১৫। ফোন: (+৮৮০২) ৮১৪২৯৮৩ ফ্যাক্স: ৮১৪৩০৪৪, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd